

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
বাজেট শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০৮.১৮.৬০

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭

০৩ মার্চ ২০২১

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের সমন্বিত তালিকার খসড়া প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, জেলা (মহানগরের ক্ষেত্রে) ও উপজেলা প্রশাসন এবং সমাজসেবা অধিদপ্তরের প্রত্যক্ষ সহযোগিতায় এবং ইতঃপূর্বে প্রদত্ত User ID & password এর মাধ্যমে প্রস্তুতকৃত বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত Management Information System (MIS) এ মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত ৩৩ (তেরিশ) ধরনের প্রমাণকের মধ্যে যে কোন একটিতে বীর মুক্তিযোদ্ধা হিসেবে নাম থাকলে তাঁর বা তাঁদের তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে, যার কার্যক্রম এখনো চলমান রয়েছে। উল্লিখিত MIS টি ইতোমধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এর টপ মেনুবার 'এম আই এস' হিসেবে প্রদর্শন করা হয়েছে, যা সকলের জন্য উন্মুক্ত। জাতীয় পরিচয়পত্র (NID) এর সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে উক্ত MIS এ জীবিত বীর মুক্তিযোদ্ধাদের নাম, ঠিকানা এবং জন্ম তারিখ স্বয়ংক্রিয়ভাবে সংযোজিত হয়েছে। একইভাবে, মৃত বীর মুক্তিযোদ্ধাদের পরবর্তী সুবিধাভোগীদের তথ্যাদিও সন্নিবেশিত হয়েছে। এছাড়া, MIS এ একজন বীর মুক্তিযোদ্ধার প্রোফাইলে একটি ইউনিক নম্বরসহ উক্ত বীর মুক্তিযোদ্ধার যত ধরনের প্রমাণক যথা- ভারতীয় তালিকা, লাল মুক্তিবর্তা বা বিভিন্ন শ্রেণির গেজেটে নাম রয়েছে তার নামসহ নম্বরও উল্লেখ রয়েছে। ফলে কোন বীর মুক্তিযোদ্ধার নাম, পরিচিতি বা মুক্তিযোদ্ধা সংক্রান্ত প্রমাণকে তথ্যগত বিভ্রাট থাকলে তা সংশোধন করা প্রয়োজন।

০২। উল্লেখ্য, MIS এ প্রকাশিত কোন বীর মুক্তিযোদ্ধার মধ্যে কেউ চলমান যাচাই-বাছাই কার্যক্রমের আওতায় থাকলে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক "জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২" এর ৭(বা) ধারা অনুযায়ী ভিন্নরূপ কোন সুপারিশ করা হলে পরবর্তীতে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, ২০০৯ সন বা এর পূর্বে প্রকাশিত বেসামরিক গেজেট সমূহ নিয়মিতকরণের লক্ষ্যে যাচাই-বাছাই পরবর্তী প্রতিবেদনে যে সকল ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বা মহানগরের ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক অন্যান্য প্রমাণকে নাম থাকায় যাদেরকে যাচাই-বাছাই এর আওতার বাইরে রাখা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের এতদসংক্রান্ত প্রমাণকের তথ্যসমূহ নিজ দায়িত্বে উক্ত MIS এ অন্তর্ভুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। এ প্রেক্ষিতে, উল্লিখিত MIS এর ভিত্তিতে বীর মুক্তিযোদ্ধাদের সমন্বিত তালিকা চূড়ান্তকরণ এবং সঠিক ব্যাংক হিসাবে সম্মানি ভাতা প্রেরণের লক্ষ্যে বীর মুক্তিযোদ্ধার নাম ও পিতার নাম ব্যতীত অন্য কোন তথ্য (ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ) সংশোধনের প্রয়োজন থাকলে তা আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রয়োজনীয় সংশোধন করার জন্য অনুরোধ করা হলো। একইসাথে, কোন বীর মুক্তিযোদ্ধার NID তে বর্ণিত নাম ও পিতার নামের সাথে বীর মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণকে বর্ণিত নাম ও পিতার নামে অস্বাভাবিক বিদ্যুতি পরিলক্ষিত হলে প্রয়োজনে এ মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা যেতে পারে।



৩-৩-২০২১

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

ফোন: ৯৫৫ ০১৩৩

ইমেইল: dsbudget@molwa.gov.bd

বিতরণ :

১) জেলা প্রশাসক (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০৮.১৮.৬০/১(৮০)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭
০৩ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) বিভাগীয় কমিশনার (সকল)

২) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর

৩) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

৪) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব(উন্নয়ন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৫) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

৭) উপ-সচিব, উপ-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধসহ)

৮) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৯) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় [সকল উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত ও প্রয়োজনীয়
কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]

১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৩-৩-২০২১

মোঃ মতিয়ার রহমান

উপসচিব